# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম।

স্মারক নং: এ-২(৬)/০১/২০২২/৩৮৫২/সাধারণ

তারিখ: ০৭-০৪-২০২২

## -: নিয়োগ বিজ্ঞপ্তি :-

এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/অনুষদ/হল/দপ্তরে নিম্নবর্ণিত শূন্যপদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম | বিভাগ/অনুষদ/হল/দপ্তরের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল-২০১৫ |
|---|---|---|---|---|
| ১ | নেটওয়ার্ক টেকনিশিয়ান (স্থায়ী) | আইসিটি সেল | ০২(দুই)টি | ৮১১০০০-২৬৫৯০/- |
| ২ | ডাটা এন্ট্রি অপারেটর (স্থায়ী) | আইসিটি সেল | ০১(এক)টি | ৮১১০০০-২৬৫৯০/- |
| ৩ | হার্ডওয়্যার টেকনিশিয়ান (স্থায়ী) | আইসিটি সেল | ০৩(তিন)টি | ৮১১০০০-২৬৫৯০/- |
| ৪ | ল্যাবরেটরী সহকারী (স্থায়ী) | জীববিজ্ঞান অনুষদ | ০১(এক) টি | ৮১১০০০-২৬৫৯০/- |
| ৫ | স্টোর কিপার (স্থায়ী) | শারীরিক শিক্ষা বিভাগ | ০১(এক)টি | ৮১১০০০-২৬৫৯০/- |
| ৬ | ইলেকট্রিক মিস্ত্রি (স্থায়ী) | প্রকৌশল দপ্তর | ০১(এক)টি | ৮১১০০০-২৬৫৯০/- |
| ৭ | ক্যাটালগার (স্থায়ী) | গ্রন্থাগার দপ্তর | ০১(এক)টি | ৮১১০০০-২৬৫৯০/- |
| ৮ | ফটোগ্রাফার (জুনিয়র) (স্থায়ী) | রেজিস্ট্রার দপ্তর | ০১(এক)টি | ৮১০২০০-২৪৬৮০/- |
| ৯ | পেশ ইমাম (স্থায়ী) | উত্তর ক্যাম্পাস জামে মসজিদ | ০১(এক)টি | ৮৯৭০০-২৩৪৯০/- |
| ১০ | ডিজেল গাড়ির মেকানিক (স্থায়ী) | পরিবহন দপ্তর | ০১(এক)টি | ৮৯৭০০-২৩৪৯০/- |
| ১১ | ড্রাইভার (স্থায়ী) | পরিবহন দপ্তর | ০২(দুই)টি | ৮৯৩০০-২২৪৯০/- |
| ১২ | লাইনম্যান (স্থায়ী) | প্রকৌশল দপ্তর | ০১(এক)টি | ৮৯৩০০-২২৪৯০/- |
| ১৩ | সেলাই ও বুনন শিক্ষক (স্থায়ী) | চ.বি. ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ | ০১(এক)টি | ৮৯৩০০-২২৪৯০/- |
| ১৪ | মেইল নার্স (স্থায়ী) | চিকিৎসা কেন্দ্র | ০১(এক)টি | ৮৯৩০০-২২৪৯০/- |
| ১৫ | ফটোকপি মেশিন অপারেটর (স্থায়ী) | জীববিজ্ঞান অনুষদ | ০১(এক)টি | ৮৯৩০০-২২৪৯০/- |
| ১৬ | কম্পিউটার ল্যাব. সহকারী (স্থায়ী) | ব্যবসায় প্রশাসন অনুষদ | ০৬(ছয়)টি | ৮৯৩০০-২২৪৯০/- |
| ১৭ | মেশিনম্যান গ্রেড-২ (স্থায়ী) | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রেস | ০১(এক)টি | ৮৯৩০০-২২৪৯০/- |
| ১৮ | ক্যালিওগ্রাফার (স্থায়ী) | পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর | ০১(এক)টি | ৮৯৩০০-২২৪৯০/- |
| ১৯ | স্টোর ক্লার্ক (স্থায়ী) | প্রকৌশল দপ্তর | ০১(এক)টি | ৮৯৩০০-২২৪৯০/- |
| ২০ | প্রুফ রিডার গ্রেড-২ (স্থায়ী) | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রেস | ০১(এক)টি | ৮৯৩০০-২২৪৯০/- |
| ২১ | কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী (স্থায়ী) | ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ | ০১(এক)টি | ৮ ৯৩০০-২২৪৯০/- |

**পদসমূহের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:**

**ক্রমিক-১, ২ ও ৩** নং পদের জন্য প্রার্থীগণকে সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই ওয়ার্ড প্রসেসিং, স্প্রেড সিড ও ইন্টারনেট পরিচালনায় জ্ঞান থাকতে হবে। আইসিটি সংক্রান্ত যেকোন স্বীকৃত প্রতিষ্ঠানের ৩-৪ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার রক্ষণাবেক্ষণ এবং সাচিবিক কাজের দক্ষতা থাকতে হবে। নিয়োগপ্রাপ্তদের মাঠ পর্যায়ে কাজ করতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-৪** নং পদের জন্য প্রার্থীকে জীববিদ্যাসহ ন্যূনতম বি.এস.সি পাশ হতে হবে। ল্যাবরেটরীতে যন্ত্রপাতি রক্ষণা-বেক্ষণ ও পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MSExcel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-৫** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই গ্র্যাজুয়েট/সমমান হতে হবে। স্টোরের কাজে কমপক্ষে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। চাকুরিতে যোগদানের সময় ২০,০০০/- (বিশ হাজার) টাকা নগদ জামানত প্রদান করতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-৬** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে। সংশ্লিষ্ট কাজে ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-৭** নং পদের জন্য প্রার্থীগণকে অবশ্যই গ্র্যাজুয়েট/সমমান হতে হবে। যেকোনো বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাপ্রাপ্ত হতে হবে। ক্ল্যাসিফিকেশন ও ক্যাটালগিং এর কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বিশেষ উপযুক্ত প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে। গ্রন্থাগারে সকাল/বিকাল উভয় শিফটে দায়িত্ব পালন করতে হবে এবং এ জন্য বিশ্ববিদ্যালয়ের নিয়মবর্হিভূত অন্যকোনো অতিরিক্ত সুবিধাদি প্রযোজ্য হবেনা।

**ক্রমিক-৮** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি (বিজ্ঞান) পাশ হতে হবে। কোনো প্রথম শ্রেণির স্টুডিও/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী ফটোগ্রাফার বা ফটোগ্রাফার হিসেবে কমপক্ষে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ফটোমাইক্রোগ্রাফিতে সাধারণ জ্ঞান এবং ম্যাক্রো ও ক্লোজআপ ফটোগ্রাফিতে দক্ষতাসহ স্লাইড প্রিপারেশন ও আধুনিক ক্যামেরা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-৯** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই আলিম পাশ ও ক্বারী হতে হবে। মাতৃভাষায় অর্থাৎ বাংলা ভাষায় অভিজ্ঞতাসহ সুন্দর কণ্ঠের অধিকারী হতে হবে। "কোরআনে হাফেজ" অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

চলমান পাতা-০২

**ক্রমিক-১০** নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে ৮ম শ্রেণি পাশ হতে হবে এবং অটো-মোবাইল মেকানিক হিসেবে (পেট্রোল/ডিজেল/সিএনজি চালিত গাড়ি মেরামতির কাজে) কমপক্ষে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ২০ হতে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

**ক্রমিক-১১** নং পদের জন্য প্রার্থীগণকে কমপক্ষে ৮ম শ্রেণি পাশ এবং ভারী/হালকা গাড়ি চালানোর লাইসেন্সধারী হতে হবে। প্রার্থীকে ভারী/হালকা গাড়ি চালানোর কাজে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ক্রমিক-১২** নং পদের জন্য প্রার্থীকে ৯ম শ্রেণি পাশ হতে হবে এবং বিদ্যুৎ লাইনের বি-ক্যাটাগরির লাইসেন্সধারী হতে হবে। প্রার্থীকে অবশ্যই এল.টি ওভারহেড লাইনের কাজে কমপক্ষে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

**ক্রমিক-১৩** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি/সমমান পাশ এবং সেলাই ও বুননের কাজে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। পি.টি.আই. বা এইচ.সি.এড. প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MSExcel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-১৪** নং পদের জন্য প্রার্থীকে ৩/৪ বছরের নার্সিং-এ ডিপ্লোমাসহ এস.এস.সি পাশ অথবা ০১(এক) বছরের ডিপ্লোমাসহ এইচ.এস.সি পাশ হতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-১৫** নং পদের জন্য প্রার্থীকে দ্বিতীয় বিভাগে এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে। ফটোকপিয়ার মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-১৬** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে। সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হতে কম্পিউটার হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্কিং বিষয়ে কমপক্ষে ৬(ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সংশ্লিষ্ট কাজে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MSExcel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-১৭** নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে। কোন সরকারি/আধা সরকারি প্রতিষ্ঠানে কোয়ালিটি প্রিন্টিং ও বিভিন্ন টাইপের অটোমেটিক এবং সিলেন্ডার মেশিন চালানোর কাজে ০৪(চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৩৫ বছর, তবে বিভাগীয় প্রার্থীদের বেলায় শিথিলযোগ্য। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-১৮** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি/সমমান পাশ এবং ক্যালিগ্রাফিতে বিশেষ পারদর্শী হতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার পরিচালনা এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-১৯** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে এবং স্টোরের কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-২০** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি/সমমান হতে হবে এবং বাংলা ও ইংরেজি ভাষা জ্ঞানের দক্ষতাসহ কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা স্বনামধন্য প্রিন্টিং প্রেসে প্রুফ রিডিং এর কাজে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর হতে হবে। বাংলা ও ইংরেজি টাইপের জ্ঞান থাকতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

**ক্রমিক-২১** নং পদের জন্য প্রার্থীগণকে কমপক্ষে এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে। বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৪৫ শব্দ টাইপের গতি থাকতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

***মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের অন্যান্য শর্তাদিপূরণ সাপেক্ষে সরকারি সিদ্ধান্তানুসারে কোটা নির্ধারিত থাকবে।**

রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম হতে দরখাস্তের ফি বাবদ ৳৪০০(চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংগ্রহপূর্বক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার দপ্তরের সংশ্লিষ্ট শাখা হতে ০১(এক) কপি নমুনা ফরম সংগ্রহ করে আগামী ২৭-০৪-২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ টা হতে দুপুর ৩:০০ টা) নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ০৬(ছয়) কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১(এক) কপি দরখাস্ত গ্রহণ করা হবে না। **কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে পৌছানো ঝুঁকিপূর্ণ বলে সরাসরি বা ডাকযোগে দরখাস্ত পাঠানোর জন্য পরামর্শ দেয়া হলো।**

**মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে অন্য কোনো প্রতিষ্ঠানের শেষ মূল বেতন সনদ (এল.পি.সি) গ্রহণ করা হবে না।**

সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার প্রশিক্ষণ সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ ও জাতীয়তা সনদের সত্যায়িত কপি অবশ্যই দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।

কোন বিভাগ/অনুষদ/হল/দপ্তরের পদের জন্য আবেদন করছেন তা' অবশ্যই উল্লেখ করতে হবে। প্রত্যেক পদের জন্য আলাদা-আলাদা দরখাস্ত জমা দিতে হবে। একটি দরখাস্তে একাধিক অফিস বা পদের নাম উল্লেখ করা যাবেনা।

ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত এবং উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবেনা।

**চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

৭/৪/২০২২

**(প্রফেসর এস. এম. মনিরুল হাসান)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।